তারিখ 22 APR 1992
পৃষ্ঠা ... কলাম ...

আজকের কাগজ

# আজ দেশের চারটি শিক্ষাবোর্ডের এসএসসি পরীক্ষা শুরু হচ্ছে

**কাগজ প্রতিবেদক :** আজ থেকে দেশের চারটি শিক্ষা বোর্ডের এস.এস.সি পরীক্ষা শুরু হচ্ছে। চারটি বোর্ডে সব মিলিয়ে পরীক্ষার্থী হচ্ছে ৫ লাখ ৩৯ হাজার ৯শ' ৯৯ জন। মোট পরীক্ষা কেন্দ্রের সংখ্যা হচ্ছে ৫শ' ২৮টি।

ঢাকা বোর্ডের অধীনে পরীক্ষায় অংশ নিচ্ছে ১ লাখ ৭৪ হাজার ৩শ' ৮৪ জন পরীক্ষার্থী। মোট কেন্দ্র হচ্ছে ১৩৭টি। এর মধ্যে আবার ৬টি কেন্দ্র রয়েছে বিদেশে। রাজশাহী বোর্ডের অধীনে মোট পরীক্ষার্থীর সংখ্যা ১ লাখ ২৫ হাজার ৪৯ জন। কেন্দ্র ১৩৭টি। কুমিল্লা বোর্ডের অধীনে কেন্দ্র গড়া হয়েছে ১৪৯টি। সাকুল্যে পরীক্ষার্থী হচ্ছে ১ লাখ ৩৪ হাজার ২শ' ৭৪ জন। যশোর বোর্ডের অধীনে পরীক্ষার্থী হচ্ছে ১ লাখ ৬ হাজার ২শ' ৯২ জন। কেন্দ্র হচ্ছে ১০৫টি। গত বছরের চেয়ে এবারে যশোর বোর্ডে বাড়তি পরীক্ষার্থীর সংখ্যা হচ্ছে ৭ হাজার ৭শ' ৭৯ জন।

পরীক্ষার্থীর দিক থেকে ঢাকা বোর্ড এগিয়ে। আর কেন্দ্রের দিক থেকে এগিয়ে আছে কুমিল্লা বোর্ড।

পরীক্ষা যাতে সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হয়, আইন-শৃঙ্খলা পরিস্থিতি যাতে ব্যাহত না হয়, দুর্নীতিমুক্ত থাকে পরিবেশ সে জন্যে পরীক্ষা কেন্দ্রের দু'শ' গজের মধ্যে জারি করা হয়েছে ১৪৪ ধারা। সে সঙ্গে আরো কিছু কঠোর বিধি-নিষেধ আরোপ করেছে সরকার।

পরীক্ষায় নকল প্রতিরোধের জন্যে জেলা ও উপজেলা পর্যায়ে শক্তিশালী ভিজিলেন্স টীম গঠন করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের বেশ কিছু উঁচু পদের কর্মকর্তাকেও এ টীমে সম্পৃক্ত করা হয়েছে।

পরীক্ষা কেন্দ্রে অবাঞ্ছিত ব্যক্তিদের প্রবেশ নিষিদ্ধ করা হয়েছে। এমনি অবাঞ্ছিত কিংবা বহিরাগতদের জন্যে সর্বোচ্চ শাস্তি দু' বছরের কারাদন্ডসহ অর্থদন্ড। পরীক্ষায় দুর্নীতি বা-অসদুপায় অবলম্বনকারীকে সহায়তা করার অভিযোগে শাস্তি হচ্ছে সর্বোচ্চ চার বছরের কারাদন্ড, সে সঙ্গে অর্থদন্ডও।

পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা এবং পরীক্ষকগণ যাতে নির্ভয়ে নিজ নিজ দায়িত্ব পালন করতে পারেন সে জন্যেও বিভিন্ন ব্যবস্থা নেয়া হয়েছে।

এছাড়া শিক্ষা মন্ত্রণালয় এবং শিক্ষা বোর্ডের উদ্যোগে যে ভিজিলেন্স টীম গঠন করা হয়েছে তারা আগে জানান না দিয়েই বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শনে যাবেন।